



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়  
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
[www.dpe.dhakadiv.gov.bd](http://www.dpe.dhakadiv.gov.bd)

স্মারক নং ৩৮.০১.৩০০০.০০০.২৭.০৩৮.২৩-১৬৮৮

তারিখ: ১১ পৌষ ১৪৩০  
২৬ ডিসেম্বর ২০২৩

### অফিস আদেশ

যেহেতু, জনাব এ.কে.এম.এস.শেখ মো: কবীরুজ্জমান, প্রধান শিক্ষক, আড়ুয়াকান্দী সরকারি প্রাথমিক বিদ্যালয়, মধুখালী, ফরিদপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং সার্বিক বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদান করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব এ.কে.এম.এস.শেখ মো: কবীরুজ্জমান, প্রধান শিক্ষক, আড়ুয়াকান্দী সরকারি প্রাথমিক বিদ্যালয়, মধুখালী, ফরিদপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৩(খ) অনুযায়ী “অসদাচরণের” অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(২)(খ) মোতাবেক তার ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১(এক) বছরের জন্য স্থগিত করা হলো। স্থগিতকৃত বেতন বৃদ্ধি তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৪১/-


(মীর্জা মোঃ হাসান খসরু)  
বিভাগীয় উপপরিচালক  
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ  
ফোন: ০২-৫৮০৫৩৩৬৭

স্মারক নং ৩৮.০১.৩০০০.০০০.২৭.০৩৮.২৩-১৬৮৮(৬)

তারিখ: ১১ পৌষ ১৪৩০  
২৬ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফরিদপুর।
৩. উপজেলা শিক্ষা অফিসার, মধুখালী, ফরিদপুর (চাকুরী বহিতে লিপিবদ্ধ করতে অনুরোধ করা হলো)।
৪. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, মধুখালী, ফরিদপুর।
৫. জনাব এ.কে.এম.এস.শেখ মো: কবীরুজ্জমান, প্রধান শিক্ষক, আড়ুয়াকান্দী সরকারি প্রাথমিক বিদ্যালয়, মধুখালী, ফরিদপুর
৬. সংরক্ষণ নথি।

  
(মোসাম্মদ রোশিদ হায়দার)  
সহকারী পরিচালক  
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা  
০২-৪৮০৪১০৫৮